

দৈনিক নয়া দিগন্ত

০৩ জুলাই ২০১৮



ড্যাফোডিল ভার্শিটিতে সামার স্কুল অব হিউম্যান রাইটস গুরু

ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটি, গবেষণা প্রতিষ্ঠান ইনস্টিটিউট অব হজরত মোহাম্মদ সা: ও ভারতীয় পরামর্শক প্রতিষ্ঠান নলেজ স্টিজের সম্মিলিত আয়োজনে এ ইউনিভার্সিটিতে শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী 'ইন্টারন্যাশনাল সামার স্কুল অব হিউম্যান রাইটস' কর্মসূচি। গত রোববার বিশ্ববিদ্যালয়ের ৭১ মিলনায়তনে এ কর্মসূচির উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ড্যাফোডিল ইউনিভার্সিটির ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ড. মো: সবুর খান। 'ইনস্টিটিউট অব হজরত মোহাম্মদ সা:'-এর প্রধান উপদেষ্টা মে. জে. (অব:) ফেরদৌস মিয়ান সভাপতিত্বে অনুষ্ঠিত এ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন ভিসি অধ্যাপক ড. ইউসুফ মাহবুবুল ইসলাম, নলেজ স্টিজের প্রতিষ্ঠাতা ও প্যালগোটিয়া ইউনিভার্সিটির সহকারী অধ্যাপক নীতেশ কুমার উপাধ্যায়, ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সহযোগী ভিন অধ্যাপক ড. ফারহানা হেলাল মেহতাব প্রমুখ। বিজ্ঞপ্তি।